<p>7. Functions of the Institute. – (1) The functions of the Institute shall be to—</p> <p>(a) Undertake research adopting nuclear techniques for the purpose of ensuring a stable and productive agriculture through evolution of new varieties of crops, scientific management of land and water, development of appropriate technology to improve quality and quantity of crops, and development of methods for control of disease and insect and management of pest;</p> <p>(b) undertake agronomic and soil-plant studies;</p> <p>(c) carry out demonstration test or trials of new varieties of crops and their management practices;</p> <p>(d) publish annual reports relating to the activities of the Institute;</p> <p>(e) publish agricultural manuals, monograms, bulletins and other literature relating to crop research;</p> <p>(f) train research and extension officers in the improved technology of crop production;</p> <p>(g) provide post-graduate research facilities;</p> <p>(h) organise seminars, symposia and workshops on selected problems relating to agriculture and agricultural research and technology;</p> <p>(i) undertake research programmes in collaboration with other national and international agencies and organisations;</p> <p>(j) enter into bilateral agreements with foreign institutions for academic degrees, specialized training, scientific visits and exchange programmes; and</p>	<p>৭। ইনস্টিটিউটের কার্যাবলী।- (১) ইনস্টিটিউটের কাজ হইবে নিম্নোক্ত- (ক) পারমাণবিক কলার্কৌশল ও আধুনিক প্রযুক্তি ব্যবহার করিয়া গবেষণার দ্বারা আবহাওয়া ও পরিবেশ উপযোগী শস্যের নতুন নতুন জাত উদ্ভাবনের মাধ্যমে স্থিতিশীল ও উৎপাদনশীল একটি কৃষি ব্যবস্থা নিশ্চিত করা; জমি ও পানির বৈজ্ঞানিক ব্যবস্থাপনা নিশ্চিত করা; যথোপযুক্ত প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে শস্যের গুণগত মান ও পরিমাণ উন্নত করা; এবং রোগ ও পতঙ্গ এবং বালাই নিয়ন্ত্রণের নিমিত্তে পদ্ধতিসমূহ উন্নয়ন করা; (খ) কৃষিতাত্ত্বিক এবং মৃত্তিকা-উদ্ভিদের উপর গবেষণা পরিচালনা করা; (গ) নতুন জাতের শস্যের প্রদর্শনী অথবা পরীক্ষা বা এইগুলোর ব্যবস্থাপনা বিষয়ে পর্যবেক্ষণ এবং আর্গ-সামাজিক গবেষণা পরিচালনা করা; (ঘ) ইনস্টিটিউটের কার্যাবলী সম্পর্কে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করা; (ঙ) কৃষি পুস্তিকা, মনোগ্রাম, বুলেটিন ও শস্য গবেষণা সংক্রান্ত অন্যান্য তথ্য প্রকাশ করা; (চ) শস্য উৎপাদনের উন্নত প্রযুক্তিতে গবেষণা ও সম্প্রসারণ কর্মকর্তাদের প্রশিক্ষিত করা; (ছ) স্নাতকোত্তর গবেষণার সুবিধাসমূহ প্রদান করা; (জ) কৃষি ও কৃষি সংক্রান্ত গবেষণা ও প্রযুক্তি সংক্রান্ত ব্যাপারে নির্বাচিত সমস্যাসমূহের উপর সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালা আয়োজন করা; (ঝ) অন্যান্য জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থা এবং সংগঠনসমূহের সহযোগিতায় গবেষণা কর্মসূচীসমূহ গ্রহণ করা; (ঞ) শিক্ষামূলক ডিগ্রী, বিশেষায়িত প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সফর ও বিনিময় কর্মসূচীসমূহের জন্য বিদেশী প্রতিষ্ঠানসমূহের সাথে দ্বিপক্ষীয় চুক্তিতে উপনীত হওয়া; এবং (ট) এই আইনের উদ্দেশ্যের জন্য প্রয়োজনীয় অন্যান্য যে</p>	<p>৭। ইনস্টিটিউটের উদ্দেশ্য ও কার্যাবলী।- (১) ইনস্টিটিউট কর্তৃক সম্পাদিত কার্যাবলীঃ- (ক) পারমাণবিক কলার্কৌশল ও আধুনিক প্রযুক্তি ব্যবহার করিয়া গবেষণার দ্বারা আবহাওয়া ও পরিবেশ উপযোগী শস্যের নতুন নতুন জাত উদ্ভাবনের মাধ্যমে টেকসই ও উৎপাদনশীল একটি কৃষি ব্যবস্থা নিশ্চিত করা; জমি ও পানির আধুনিক ব্যবস্থাপনা নিশ্চিত করা; যথোপযুক্ত প্রযুক্তি উন্নয়নের মাধ্যমে শস্যের গুণগত মান ও পরিমাণ উন্নত করা; এবং রোগ ও পতঙ্গ নিয়ন্ত্রণ এবং বালাই নিয়ন্ত্রণের নিমিত্ত পদ্ধতিসমূহ উন্নয়ন করা; (খ) কৃষিতাত্ত্বিক, শারীরতাত্ত্বিক এবং মৃত্তিকা-উদ্ভিদ বিষয়ক গবেষণা পরিচালনা করা; (গ) নতুন জাতের শস্যের প্রদর্শনী স্থাপন অথবা পরীক্ষা এবং ব্যবস্থাপনা পদ্ধতির উপর পর্যবেক্ষণ এবং আর্গ-সামাজিক গবেষণা পরিচালনা করা; (ঘ) ইনস্টিটিউটের কার্যাবলী সম্পর্কে বাৎসরিক প্রতিবেদন প্রকাশ করা; (ঙ) কৃষি পুস্তিকা, মনোগ্রাম, বুলেটিন ও শস্য গবেষণা সংক্রান্ত অন্যান্য তথ্য প্রকাশ করা; (চ) শস্য উৎপাদনের উন্নত প্রযুক্তির উপর গবেষণা, সম্প্রসারণ, বেসরকারী সংস্থার জনবল ও কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা; (ছ) স্নাতকোত্তর গবেষণার সুবিধাসমূহ প্রদান করা; (জ) কৃষি ও কৃষি সংক্রান্ত গবেষণা এবং প্রযুক্তি সংক্রান্ত নির্বাচিত সমস্যাসমূহের উপর সেমিনার, সিম্পোজিয়াম ও কর্মশালা আয়োজন করা; (ঝ) অন্যান্য জাতীয় এবং আন্তর্জাতিক সংস্থা এবং সংগঠনসমূহের সহযোগিতায় গবেষণা কর্মসূচি গ্রহণ করা; (ঞ) শিক্ষামূলক ডিগ্রী, বিশেষায়িত প্রশিক্ষণ, বৈজ্ঞানিক সফর ও বিনিময় কর্মসূচীসমূহের জন্য বিদেশী প্রতিষ্ঠানসমূহের সাথে দ্বিপক্ষীয় চুক্তিতে উপনীত হওয়া; এবং (ট) এই আইনের উদ্দেশ্য সাধনের জন্য প্রয়োজনীয়</p>	<p>৭ ধারায় উদ্দেশ্য ও শব্দ দুইটি সংযোজন করা হইয়াছে ৭(১) উপ ধারায় কর্তৃক সম্পাদিত কার্যাবলী সংযোজন করা হইয়াছে। ৭(১)(ক) ধারায় স্থিতিশীল এর পরিবর্তে টেকসই, বৈজ্ঞানিক এর পরিবর্তে আধুনিক শব্দগুলি প্রতিস্থাপন করা হইয়াছে। ৭(১)(খ) উপ ধারায় শারীরতাত্ত্বিক শব্দটি সংযোজন করা হইয়াছে। ৭(১)(গ) উপ ধারায় এইগুলোর শব্দটি বিলুপ্ত করা হইয়াছে। ৭(১)(চ) উপ ধারায় সম্প্রসারণ, বেসরকারী সংস্থার জনবল ও কৃষকদের প্রশিক্ষণ শব্দগুলি সংযোজন করা হইয়াছে। ৭(১)(জ) উপ ধারায় ব্যাপারে শব্দটি বিলুপ্ত করা হইয়াছে।</p>
--	--	--	--

[Handwritten Signature]
০৭/০২/২০২০
ড. মোঃ আজহার আলী সরকার
পরিচালক (প্রশিক্ষণ ও প্রশাসন)
স্বাধীনতা পল্লী, গাজীপুর-১২০০
ফোন: ৯৬৬১১১১


(k) perform such other functions as may be necessary for the purposes of this Act.	কোন কাজ সম্পাদন করা;	অন্যান্য যে কোন কাজ সম্পাদন করা;	৭(১)(ট) উপ ধারায় উদ্দেশ্যের জন্যে এর পরিবর্তে উদ্দেশ্য সাধনের জন্য প্রতিস্থাপিত হইয়াছে।
<p>8. Meetings of the Board. –</p> <p>(1) The meetings of the Board shall be convened by the Member-Secretary of the Board, in consultation with the Chairman, at least once every quarter of a year.</p> <p>(2) All meetings of the Board shall be presided over by the Chairman and, in his absence, a member elected for the purpose by the members present.</p> <p>(3) To constitute a quorum at a meeting of the Board not less than six members shall be present.</p> <p>(4) All matters at a meeting shall be decided by the votes of the majority of the members present and voting.</p> <p>(5) At a meeting of the Board, each member shall have one vote, and in the event of equality of votes, the Chairman or the member presiding over the meeting shall have a second or casting vote.</p> <p>(6) No act or proceeding of the Board shall be invalid merely on the ground of existence of any vacancy in, or any defect in the constitution of the Board.</p>	<p>৮। বোর্ডের সভাসমূহ।-</p> <p>(১) বোর্ডের সভাসমূহ চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে বোর্ডের সদস্য-সচিব কর্তৃক বছরের প্রতি তিন মাসে ন্যূনতম একবার ডাকিতে হইবে (Ordinance-এ ছিল Secretary এর পরিবর্তে চেয়ারম্যানের প্রতিস্থাপিত হইয়াছে)।</p> <p>(২) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে, উপস্থিত সদস্যদের একজন সভাপতিত্ব করিবেন (Ordinance-এর “the Chairman” শব্দগুলির পরিবর্তে “a member elected for the purpose by the members present” শব্দগুলির প্রতিস্থাপিত হইয়াছে)।</p> <p>(৩) বোর্ডের একটি সভাতে কোরাম গঠনের জন্যে অন্যান্য ৬ জন সদস্য উপস্থিত থাকিতে হইবে।</p> <p>(৪) একটি সভাতে সকল বিষয়সমূহ উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে এবং ভোটিংয়ের মাধ্যমে নির্ধারণ করা হইবে।</p> <p>(৫) বোর্ডের একটি সভাতে, প্রত্যেক সদস্যের একটি ভোট থাকিবে এবং যদি ভোটের সমতা হয় তাহা হইলে চেয়ারম্যানের একটি দ্বিতীয় বা নির্ধারক ভোট থাকিবে। (Ordinance-এ “the Chairman” শব্দটির পর, “the member presiding over the meeting” শব্দগুলি সন্নিবেশিত হইয়াছে) ;</p> <p>(৬) বোর্ডের কোন কাজ বা কার্যক্রম কেবল মাত্র বোর্ডের কোন শূন্য পদ বা গঠনে কোন ত্রুটি বিদ্যমান থাকিবার কারণে অবৈধ হইবে না।</p>	<p>৮। বোর্ডের সভা।-</p> <p>(১) চেয়ারম্যানের সাথে পরামর্শক্রমে সদস্য-সচিব বছরের প্রতি তিন মাসে ন্যূনতম একবার সভা আহ্বান করিবেন।</p> <p>(২) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যদের দ্বারা নির্বাচিত একজন সদস্য সভাপতিত্ব করিবেন।</p> <p>(৩) বোর্ডের সভায় কোরাম গঠনের জন্যে অন্যান্য দুই তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকিতে হইবে।</p> <p>(৪) উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সকল বিষয়সমূহ নির্ধারণ করা হইবে।</p> <p>(৫) সভায় প্রত্যেক সদস্যের একটি ভোট থাকিবে এবং যদি ভোটের সমতা হয় তাহা হইলে চেয়ারম্যানের একটি দ্বিতীয় বা নির্ধারক ভোট থাকিবে;</p> <p>(৬) কোন সদস্যপদে শূন্যতার কারণে বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না।</p>	<p>৮(১) উপ ধারায় বোর্ডের সভাসমূহ, বোর্ডের, কর্তৃক শব্দগুলি বিলুপ্ত করা হইয়াছে এবং সভা শব্দটি সংযুক্ত করা হইয়াছে।</p> <p>৮(২) উপ ধারায় সদস্যদের একজন এই শব্দ দুইটির পরিবর্তে সদস্যদের দ্বারা নির্বাচিত একজন সদস্য করা হইয়াছে।</p> <p>৮(৩) উপ ধারায় বোর্ডের একটি সভাতে এর পরিবর্তে বোর্ডের সভায় শব্দগুলি প্রতিস্থাপিত করা হয়েছে এবং ৬ জন এর পরিবর্তে দুই তৃতীয়াংশ প্রতিস্থাপন করা হইয়াছে।</p> <p>৮(৪) উপ ধারায় একটি সভাতে শব্দ দুইটি বিলুপ্ত করা হইয়াছে এবং বাক্যটি সহজীকরণ করা হইয়াছে।</p> <p>৮(৫) উপ ধারায় বোর্ডের একটি সভাতে পরিবর্তন করে সভায় শব্দটি প্রতিস্থাপন করা হইয়াছে।</p> <p>৮(৬) উপ ধারায় বা গঠনে কোন ত্রুটি বিদ্যমান থাকিবার শব্দগুলি বিলুপ্ত করা হইয়াছে এবং বা তৎসম্পর্কে কোন প্রশ্ন উত্থাপন করা যাইবে না সংযোজন করা হইয়াছে।</p>


 ড. মোঃ আজহার আলী সরকার
 পরিচালক (প্রশাসন) ও সাংগঠনিক
 কার্যক্রম, পল্লী পরিদপ্তর, কুমিল্লা-২১

<p>9. Director General –</p> <p>(1) There shall be a Director General of the Institute who shall be appointed by the Government for such period and on such terms and conditions as the Government may determine.</p> <p>(2) The Director General shall be a full-time officer and the chief executive of the Institute.</p> <p>(3) The Director General shall exercise such powers, and perform such functions, as may be prescribed or assigned to him by the Board.</p>	<p>৯। মহাপরিচালক।-</p> <p>(১) ইনস্টিটিউটে একজন মহাপরিচালক থাকিবেন যিনি সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হইবেন এবং তাহার মেয়াদ, শর্ত ও নিয়মাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।</p> <p>(২) মহাপরিচালক একজন সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং ইনস্টিটিউটের প্রধান নির্বাহী হইবেন।</p> <p>(৩) মহাপরিচালক বোর্ড কর্তৃক নির্ধারিত বা তাহার উপর ন্যস্ত কার্যাবলী পালন করিবেন এবং ক্ষমতাসমূহ প্রয়োগ করিবেন।</p> <p>(Ordinance-এর “Director” শব্দটির পরিবর্তে “Director-General” শব্দটি প্রতিস্থাপিত হইয়াছে)।</p>	<p>৯। মহাপরিচালক।-</p> <p>(১) ইনস্টিটিউটে একজন মহাপরিচালক থাকিবেন, যিনি সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হইবেন এবং তাহার মেয়াদ, শর্ত ও নিয়মাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।</p> <p>(২) মহাপরিচালক একজন সার্বক্ষণিক কর্মকর্তা হইবেন এবং ইনস্টিটিউটের প্রধান নির্বাহী হইবেন।</p> <p>(৩) মহাপরিচালক বোর্ড কর্তৃক নির্ধারিত বা মন্ত্রণালয় কর্তৃক তাহার উপর ন্যস্ত কার্যাবলী পালন করিবেন এবং ক্ষমতাসমূহ প্রয়োগ করিবেন।</p>	
<p>10. Appointment of Directors, Officers, etc.– For the efficient performance of the functions of the Institute</p> <p>(a) The Government may appoint such number of Directors and on such terms and conditions as it may determine from time to time;</p> <p>(b) the Board may appoint such officers and other employees and on such terms and conditions as it may determine from time to time.</p>	<p>১০। পরিচালকগণ, কর্মকর্তাগণ, ইত্যাদি নিয়োগ।- ইনস্টিটিউটের কার্যাবলী দক্ষভাবে সম্পাদনের জন্য-</p> <p>(ক) সরকার তাহার দ্বারা নির্ধারিত সংখ্যক পরিচালকগণ ও শর্ত ও নিয়মাবলী অনুযায়ী সময়ে সময়ে নিয়োগ প্রদান করিবেন;</p> <p>(খ) বোর্ড তাহার যেইরকম নির্ধারণ করিবেন সেই জাতীয় কর্মকর্তা ও অন্যান্য কর্মচারী নিয়োগ প্রদান করিবেন এবং সেইরূপ শর্ত ও নিয়মাবলী অনুযায়ী তাহাদেরকে নিয়োগ প্রদান করিবেন;</p> <p>(Ordinance-এ Appointment of officers, etc.– The Board may appoint such officers and others employees as it considers necessary for the performance of its functions, on such terms and conditions as it may deem fit. এর স্থলে</p> <p>Appointment of Directors, Officers etc.–For the efficient performance of the functions of the Institute–</p> <p>(a) the Government may appoint such number of Directors and on such terms and conditions as it may determine from time to</p>	<p>১০। পরিচালক, কর্মকর্তা, ইত্যাদি নিয়োগ।- ইনস্টিটিউটের কার্যাবলী দক্ষভাবে সম্পাদনের জন্য-</p> <p>(ক) সরকার শর্ত ও নিয়মাবলী অনুযায়ী সময়ে সময়ে নির্ধারিত সংখ্যক পরিচালক নিয়োগ প্রদান করিবেন;</p> <p>(খ) নিয়োগ/পদোন্নতি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বোর্ড কর্মকর্তা ও অন্যান্য কর্মচারী নিয়োগ/পদোন্নতির অনুমোদন প্রদান করিবেন।</p>	<p>১০ ধারায় পরিচালকগণ, কর্মকর্তাগণ এর পরিবর্তে পরিচালক, কর্মকর্তা প্রতিস্থাপন করা হইয়াছে।</p> <p>১০(ক) উপ ধারায় তাহার দ্বারা নির্ধারিত সংখ্যক পরিচালকগণ পরিবর্তন করে বাক্যটি সরকার শর্ত ও নিয়মাবলী অনুযায়ী সময়ে সময়ে নির্ধারিত সংখ্যক পরিচালক নিয়োগ প্রদান করিবেন- করা হইয়াছে।</p> <p>১০(খ) উপ ধারায় বাক্যটি সহজীকরণ করে নিয়োগ/পদোন্নতি কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে বোর্ড কর্মকর্তা ও অন্যান্য কর্মচারী নিয়োগ/পদোন্নতির অনুমোদন প্রদান করিবেন- করা হইয়াছে।</p>


 ড. মোঃ আজহার আলী সমরান
 পরিচালক (প্রশাসন ও সাংস্কার)
 বাংলাদেশ পল্লীসহায়তা কর্মসংস্থান বোর্ড
 কার্যক্রম, ময়মনসিংহ-১২০৭।

	<p>time; (b) the Board may appoint such officers and other employees and on such terms and conditions as it may determine from time to time." প্রতিস্থাপিত হইয়াছে)।</p>	<p>(গ) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও উহার সমবেতনক্রমভুক্ত অন্যান্য পদে পদোন্নতি বা নিয়োগ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক গঠিত পদোন্নতি/নিয়োগ কমিটির সুপারিশক্রমে সম্পন্ন করা হইবে।</p> <p>(ঘ) কারিগরী পদে পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদণ্ড অনুসরণ করিতে হইবে।</p>	<p>১০ (গ) ও (ঘ) নতুনভাবে সংযুক্ত করা হইয়াছে।</p>
<p>11. Power to borrow, etc. – The Institute may, for carrying out its functions, borrow money, if necessary with the approval of the Government.</p>	<p>১১। ধার করিবার ক্ষমতা, ইত্যাদি।- ইনস্টিটিউট তাহার কার্যাবলী পরিচালনার লক্ষ্যে সরকারের অনুমোদন সাপেক্ষে, যদি প্রয়োজন হয় অর্থ ধার করিতে পারিবে।</p>		<p>১১ ধারাটি বিলুপ্ত করা হইয়াছে।</p>
<p>12. Budget The Board shall, by such date before the commencement of every financial year as the Government may direct, submit to the Government for approval a budget, in such form as the Government may specify, for each financial year showing the estimated receipts and expenditure and the sums which are likely to be required from the Government during that financial year.</p>	<p>১২। বাজেট।- বোর্ড সরকার যেইরকম নির্দেশ দিবে সেই তারিখের মধ্যে প্রতি আর্থিক বৎসর শুরুর আগে একটি বাজেট অনুমোদনের জন্যে সরকারের কাছে পেশ করিবে, এইরকম আকারে যাহা সরকার কর্তৃক নির্দিষ্ট করিয়া দেওয়া হইবে, প্রাক্কলিত প্রাপ্তি ও খরচ, এবং ঐ আর্থিক বৎসরে সরকারের নিকট হইতে যেই পরিমাণ অর্থের প্রয়োজন হইতে পারে তাহা প্রদর্শন করিয়া প্রতি আর্থিক বৎসরের জন্যে একটি বাজেট অনুমোদনের জন্যে সরকারের কাছে পেশ করিবে।</p>	<p>১১। বাজেট।- সরকারের নির্দেশনা মোতাবেক প্রতি আর্থিক বৎসর শুরুর আগে ইনস্টিটিউট একটি বাজেট অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে।</p>	<p>১১ ধারায় বাক্যটি সহজীকরণ করে সরকারের নির্দেশনা মোতাবেক প্রতি আর্থিক বৎসর শুরুর আগে ইনস্টিটিউট একটি বাজেট অনুমোদনের জন্য সরকারের নিকট পেশ করিবে-করা হইয়াছে।</p>
<p>13. Fund of the Institute.—(1) The Institute shall have its own fund which shall consist of</p> <p>(a) grants made by the Government;</p> <p>(b) loans obtained from the Government;</p> <p>(c) grants made by the local authorities; and</p> <p>(d) grants and aid received, with the approval of</p>	<p>১৩। ইনস্টিটিউটের তহবিল।- (১) ইনস্টিটিউটের নিজস্ব তহবিল থাকিবে যাহা নিবোধভাবে গঠিত হইবে-</p> <p>(ক) সরকার কর্তৃক দেওয়া মঞ্জুরী;</p> <p>(খ) সরকারের নিকট হইতে নেওয়া ঋণ;</p> <p>(গ) স্থানীয় কর্তৃপক্ষসমূহ কর্তৃক দেওয়া মঞ্জুরী; এবং প্রাপ্ত মঞ্জুরী ও সাহায্য কোন সাহায্য দাতা সংস্থা কর্তৃক সরকারের অনুমোদন সহকারে গ্রহণ করা;</p>	<p>১২। তহবিল।- (১) ইনস্টিটিউটের একটি নিজস্ব তহবিল থাকিবে এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবেঃ</p> <p>(ক) সরকার কর্তৃক প্রদত্ত মঞ্জুরী ও অনুদান;</p> <p>(খ) সরকারের নিকট হইতে নেওয়া ঋণ;</p> <p>(গ) গবেষণা উদ্যোগ হইতে প্রাপ্ত আয়;</p> <p>(ঘ) সরকারের অনুমোদনক্রমে কোন দেশী বা বিদেশী</p>	<p>১২(১) উপ ধারায় একটি এবং উহাতে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে শব্দগুলি সংযুক্ত করে বাক্যটি সহজীকরণ করা হইয়াছে।</p> <p>১২(১)(ক) উপ ধারায় ও অনুদান শব্দটি সংযুক্ত করা হইয়াছে।</p> <p>১২(১)(গ) উপ ধারায় গবেষণা উদ্যোগ হইতে প্রাপ্ত আয় বাক্যটি দ্বারা প্রতিস্থাপিত হইয়াছে।</p> <p>১২(১)(ঘ) উপ ধারায় দেশী বা বিদেশী উন্নয়নসহায়োগী</p>



 ড. মোঃ আজহার আলী সুলতান

 পরিচালক (প্রশাসন ও সাহায্য)

 বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

 যাকের হাট, ময়মনসিংহ-২২০২২।


<p>the Government, from any aid giving agency.</p> <p>(2) All moneys of the Institute shall be kept in a scheduled bank.</p>	<p>(২) ইনস্টিটিউটের সকল অর্থ তফসিলী ব্যাংকে রাখা হইবে।</p>	<p>উন্নয়ন সহযোগী সংস্থা হইতে প্রাপ্ত সাহায্য ও মঞ্জুরী; (৬) কোন স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনুদান; (৭) নিজস্ব আয় বা অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ। (২) ইনস্টিটিউটের সকল অর্থ তফসিলী ব্যাংকে জমা রাখা হইবে।</p>	<p>সংস্থা হইতে প্রাপ্ত সাহায্য ও মঞ্জুরী শব্দগুলি সংযুক্ত করে বাক্যটি সহজীকরণ করা হইয়াছে। ১২(১)(চ) উপ ধারায় নতুনভাবে সংযুক্ত করা হইয়াছে। ১২(২) উপ ধারায় জমা শব্দটি সংযুক্ত করা হইয়াছে।</p>
<p>14. Audit and accounts.-(1) The Board shall maintain its accounts in such manner as the Government may specify.</p> <p>(2) The accounts of the Board shall be audited by the Comptroller and Auditor -General of Bangladesh (hereinafter in this section referred to as the Auditor-General), in such manner as he deems fit.</p> <p>(3) For the purpose of an audit under subsection (2), the Auditor-General or any person authorized by him in this behalf shall have access to all records, books, documents, cash, securities, stores and other property of the Institute and may examine the Chairman or any member, Director, officer or employee of the Board.</p> <p>(4) The Auditor-General shall, as soon as possible after completion of the audit, send to the Board his audit report and the Board shall forward it, with its comments thereon, to the Government.</p> <p>(5) The Board shall take steps forthwith to remedy any defects or irregularities pointed out in the audit report.</p>	<p>১৪। নিরীক্ষা ও হিসাব।- (১) বোর্ড সরকার কর্তৃক যেভাবে নির্দিষ্ট করিয়া দিবে সেই অনুযায়ী এই হিসাব রক্ষণাবেক্ষণ করিবে।</p> <p>(২) বোর্ডের হিসাবসমূহ কম্পট্রলার এন্ড অডিটর জেনারেল বাংলাদেশ কর্তৃক নিরীক্ষিত হইবে (অতঃপর এই ধারাতে মহাহিসাব নিরীক্ষক হিসাবে অভিহিত হইয়াছে), তিনি যেই উপায়ে উপযুক্ত মনে করিবেন সেই উপায়ে নিরীক্ষা সম্পাদন করিবেন।</p> <p>(৩) উপধারা (২) এর অধীনে, একটি নিরীক্ষার উদ্দেশ্যের জন্যে মহাহিসাব নিরীক্ষক বা এই ব্যাপারে তাহার কর্তৃক অনুমোদিত কোন ব্যক্তি ইনস্টিটিউটের সকল রেকর্ড, বই, দলিলাদি, নগদ অর্থ, জামানত, ভান্ডারসমূহ ও অন্যান্য সম্পত্তির প্রতি প্রবেশাধিকার থাকিবে এবং বোর্ডের চেয়ারম্যান বা যে কোন সদস্য, পরিচালক, কর্মকর্তা বা কর্মচারীকে পরীক্ষা নিতে পারিবে।</p> <p>(৪) মহাহিসাব নিরীক্ষক নিরীক্ষা সমাপ্ত হওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব বোর্ডের কাছে তাহার নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ করিবে এবং বোর্ড তাহার উপরে এর মন্তব্যসহ সরকারের কাছে এইটা পাঠাইবে।</p> <p>(৫) বোর্ড সাথে সাথে নিরীক্ষা প্রতিবেদনে চিহ্নিত কোন দোষত্রুটি বা অনিয়ম পুনরংকার করিবার জন্যে পদক্ষেপ গ্রহণ করিবে।</p>	<p>১৩। নিরীক্ষা ও হিসাব।- (১) সরকার যেভাবে নির্দিষ্ট করিয়া দিবে বোর্ড সেই অনুযায়ী এই হিসাব রক্ষণাবেক্ষণ করিবে।</p> <p>(২) বোর্ডের হিসাবসমূহ কম্পট্রলার এন্ড অডিটর জেনারেল বাংলাদেশ কর্তৃক নিরীক্ষিত হইবে (অতঃপর এই ধারাতে মহাহিসাব নিরীক্ষক হিসাবে অভিহিত হইয়াছে)।</p> <p>(৩) উপধারা (২) এর অধীনে, একটি নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক বা তাহার কর্তৃক অনুমোদিত কোন ব্যক্তি ইনস্টিটিউটের সকল রেকর্ড, বই, দলিলাদি, নগদ অর্থ, জামানত, ভান্ডারসমূহ ও অন্যান্য সম্পত্তি নিরীক্ষা করার অধিকার থাকিবে এবং বোর্ডের চেয়ারম্যান বা যে কোন সদস্য, পরিচালক, কর্মকর্তা বা কর্মচারীর কার্যবলী নিরীক্ষা করিতে পারিবেন।</p> <p>(৪) মহাহিসাব নিরীক্ষক নিরীক্ষা সমাপ্ত হওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব বোর্ডের কাছে তাহার নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ করিবেন এবং ইনস্টিটিউট উহার উপর মন্তব্যসহ সরকারের নিকট পাঠাইবেন।</p> <p>(৫) ইনস্টিটিউট যথা শীঘ্র নিরীক্ষা প্রতিবেদনে চিহ্নিত কোন দোষত্রুটি বা অনিয়ম প্রতিকার করিবার জন্যে পদক্ষেপ গ্রহণ করিবে।</p>	<p>১৩(১) উপ ধারায় কর্তৃক শব্দটি বিলুপ্ত করা হইয়াছে এবং বোর্ড শব্দটিকে পূর্ণবিন্যাস করে বাক্যটিকে সহজীকরণ করা হইয়াছে। ১৩(২) উপ ধারায় তিনি যেই উপায়ে উপযুক্ত মনে করিবেন সেই উপায়ে নিরীক্ষা সম্পাদন করিবেন-এ অংশটুকু বিলুপ্ত করা হইয়াছে। ১৩(৩) উপ ধারায় উদ্দেশ্যের জন্যে এর পরিবর্তে উদ্দেশ্যে এবং পরীক্ষা নিতে পারিবে এর পরিবর্তে নিরীক্ষা করিতে পারিবেন প্রতিস্থাপিত হইয়াছে। ১৩(৪) উপ ধারায় এইটা শব্দটি বিলুপ্ত করা হইয়াছে এবং পাঠাইবে এর পরিবর্তে পাঠাইবেন প্রতিস্থাপিত হইয়াছে। ১৩(৪) ও (৫) উপ ধারায় বোর্ড এর পরিবর্তে ইনস্টিটিউট প্রতিস্থাপিত হইয়াছে।</p>
<p>15. Submission of reports, etc. - (1) The Board shall submit to the Government, as soon as possible after the end of every financial year, a report on the conduct of its affairs for that year.</p>	<p>১৫। প্রতিবেদন জমা দেওয়া।- (১) বোর্ড সরকারের কাছে প্রতি আর্থিক বৎসর সমাপ্ত হওয়ার পরে যত তাড়াতাড়ি সম্ভব ঐ বছরের জন্যে এর বিষয়সমূহ পরিচালনার উপর একটি প্রতিবেদন পেশ করিবে।</p>	<p>১৪। প্রতিবেদন জমা দেওয়া।- (১) ইনস্টিটিউট সরকারের নিকট প্রতি অর্থ বৎসর সমাপ্ত হওয়ার পর যত দ্রুত সম্ভব ঐ বছরের সার্বিক বিষয়ে প্রতিবেদন পেশ করিবে।</p>	<p>১৪(১) উপ ধারায় বাক্যটিকে সহজীকরণ করে ইনস্টিটিউট সরকারের নিকট প্রতি অর্থ বৎসর সমাপ্ত হওয়ার পর যত দ্রুত সম্ভব ঐ বছরের সার্বিক বিষয়ে প্রতিবেদন পেশ করিবে- করা হইয়াছে।</p>

(Signature)
ড. মোঃ হাজিয়ার মালী
পরিচালক (প্রশাসন ও সাংস্কৃতিক বিষয়)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা-১০০০
১৫/১১/১৫

<p>(2) The Board shall submit to the Government at such time and at such interval as the Government may specify—</p> <p>(a) such returns, accounts, statements, estimates and statistics as may be required by the Government;</p> <p>(b) information and comments asked for by the Government on any specific subject;</p> <p>(c) copies of documents required by the Government for examination or any other purpose.</p>	<p>(২) বোর্ড সরকার যেইরকম নির্দেশ করিয়া দিবে সেই অনুযায়ী সেই সময়ে এবং সেই বিরতি অনুযায়ী সরকারের কাছে নিবোধিত প্রতিবেদন পেশ করিবে-</p> <p>(ক) সরকার কর্তৃক যেইসব রিটার্ন, হিসাব, বিবরণী, প্রাক্কলন ও পরিসংখ্যান চাওয়া হইবে;</p> <p>(খ) কোন সুনির্দিষ্ট বিষয়ের উপর সরকার কর্তৃক চাওয়া তথ্য ও মন্তব্যসমূহ;</p> <p>(গ) সরকার কর্তৃক চাওয়া দলিলাদির অনুলিপি সমূহ পরীক্ষা বা অন্য কোন উদ্দেশ্যের জন্য;</p> <p>(Ordinance-এর section 15 এর sub-section (1) এ, “soom” শব্দটির পরিবর্তে “soon” শব্দটি প্রতিস্থাপিত হইয়াছে।)</p>	<p>(২) সরকারের নির্দেশনা মোতাবেক ইনস্টিটিউট সরকারের নিকট নিম্নোক্ত প্রতিবেদন পেশ করিবে-</p> <p>(ক) সরকার কর্তৃক যেইসব রিটার্ন, হিসাব, বিবরণী, প্রাক্কলন ও পরিসংখ্যান চাওয়া হইবে;</p> <p>(খ) কোন সুনির্দিষ্ট বিষয়ের উপর সরকার কর্তৃক চাওয়া তথ্য ও মন্তব্যসমূহ;</p> <p>(গ) সরকার কর্তৃক চাওয়া দলিলাদির অনুলিপি সমূহ পরীক্ষা বা অন্য কোন উদ্দেশ্যের জন্য;</p>	<p>১৪(২) উপ ধারায় বাক্যটিকে সহজীকরণ করে সরকারের নির্দেশনা মোতাবেক ইনস্টিটিউট সরকারের নিকট নিম্নোক্ত প্রতিবেদন পেশ করিবে- করা হইয়াছে।</p>
<p>16. Committees of the Institute. – The Board may, from time to time, appoint such committees as may be necessary to discharge such functions as may be assigned to them by the Board or to assist the Director-General in the performance of his functions.</p>	<p>১৬। ইনস্টিটিউটের কমিটিসমূহ।- বোর্ড সময় সময়ে বোর্ড কর্তৃক তাহাদের উপর ন্যস্ত করা কার্যাবলী পালনের জন্যে বা মহাপরিচালককে তাহার কার্যাবলী সম্পাদনের জন্যে যেইরকম প্রয়োজন হইতে পারে সেইরূপ কমিটিসমূহ নিয়োগদান করিতে পারিবে।</p> <p>(Ordinance-এর section 16 এ “Director” শব্দটির পরিবর্তে “Director-General” শব্দটি প্রতিস্থাপিত হইয়াছে।)</p>	<p>১৫। ইনস্টিটিউটের কমিটিসমূহ।- বোর্ড উহার উপর ন্যস্ত কার্যাবলী পালনের জন্যে বা মহাপরিচালক তাহার কার্যাবলী সম্পাদনের জন্যে প্রয়োজনমত কমিটি গঠন করিতে পারিবে।</p>	<p>১৫ ধারায় বাক্যটিকে সহজীকরণ করে বোর্ড উহার উপর ন্যস্ত কার্যাবলী পালনের জন্যে বা মহাপরিচালক তাহার কার্যাবলী সম্পাদনের জন্যে প্রয়োজনমত কমিটি গঠন করিতে পারিবে-করা হইয়াছে।</p>
<p>17. Power to make rules. – The Government may, by notification in the official Gazette, make rules for carrying out the purposes of this Act.</p>	<p>১৭। বিধিমালা প্রণয়নের জন্যে ক্ষমতা।- সরকার সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে এই আইনের উদ্দেশ্যসমূহ পরিচালনার জন্যে বিধিমালা প্রণয়ন করিতে পারিবেন।</p>	<p>১৬। বিধিমালা প্রণয়নের ক্ষমতা।- সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।</p>	<p>১৬ ধারায় উদ্দেশ্যসমূহ শব্দটিকে উদ্দেশ্য শব্দ দ্বারা এবং পরিচালনার জন্যে শব্দ দুইটিকে পূরণকল্পে দ্বারা প্রতিস্থাপন করা হইয়াছে।</p>
<p>18. Power to make regulations. – (1) The Board may, with the prior approval of the Government, make regulations, not inconsistent with the provisions of this Act and the rules, to provide for all matters for which provision is necessary or expedient for the purpose of giving effect to the provisions of this Act.</p> <p>(2) All regulations made under this section shall be published in the official Gazette and shall come into force on such publication.</p>	<p>১৮। প্রবিধিমালা প্রণয়ন করিবার জন্যে ক্ষমতা।- (১) বোর্ড সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিয়া এই আইনের বিধানসমূহের সহিত অসঙ্গতিপূর্ণ নয় এমন প্রবিধিমালা প্রণয়ন করিতে পারিবে এবং বিধিমালা প্রণয়ন করিতে পারিবে এই আইনের বিধানসমূহ কার্যকর করিবার উদ্দেশ্যের জন্যে প্রয়োজন বা উপযোগী এইরূপ বিধানের জন্যে সকল বিষয়সমূহ সম্পর্কে সংস্থান করিবার জন্যে।</p> <p>(২) এই ধারার অধীন প্রণীত সকল প্রবিধিমালা সরকারী গেজেটে প্রকাশিত হইবে এবং এইজাতীয় প্রকাশনার পরে কার্যকর হইবে।</p>	<p>১৭। প্রবিধানমালা প্রণয়নের ক্ষমতা।- ইনস্টিটিউট সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিয়া এই আইনের বিধানসমূহের সহিত অসঙ্গতিপূর্ণ নয় এইরূপ প্রবিধানমালা প্রণয়ন করিতে পারিবে।</p>	<p>১৭ এর (১) ও (২) উপ ধারা সহজীকরণ করে ইনস্টিটিউট সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করিয়া এই আইনের বিধানসমূহের সহিত অসঙ্গতিপূর্ণ নয় এইরূপ প্রবিধানমালা প্রণয়ন করিতে পারিবে-করা হইয়াছে।</p>

[Handwritten Signature]
 ড. মোঃ আজহার আলী সরকার
 পরিচালক (প্রশাসন ও সাংস্কৃতিক)
 বাংলাদেশ সরকার, ঢাকা
 কার্যকর হইবে: ২০১৫

<p>19. Savings. – Notwithstanding anything contained in any other law for the time being in force or in any contract or instrument, on the establishment of the Institute, --</p> <p>(a) the Institute of Nuclear Agriculture, hereinafter referred to as the dissolved Institute, shall stand dissolved;</p> <p>(b) all assets, right, powers, authorities and privileges, all property, movable and immovable, cash and bank balances, funds, investment and all other rights and interests in, or arising out of, such property of the dissolved Institute shall stand transferred to and vest in the Institute;</p> <p>(c) All debts, liabilities and obligations of the dissolved Institute shall be the debts, liabilities and obligations of the Institute;</p> <p>(d) all officers, consultants, advisers and other employees of the dissolved Institute shall become officers, consultants, advisers and employees of the Institute and shall hold office or service in the Institute on the same terms and conditions as were enjoyed by them immediately before such establishment and shall continue to do so until their remuneration or terms and conditions are duly altered by the Institute;</p> <p>(e) all suits and other legal proceedings instituted by or against the dissolved Institute before such establishment shall be deemed to suits and proceedings by or against the Institute and shall be proceeded or otherwise dealt with accordingly.</p>	<p>১৯। সংশয়সমূহ।- (ক) অন্য কোন আইনে যাহা আপাততঃ বলবৎ আছে বা অন্য কোন চুক্তি বা দলিলে ইনস্টিটিউটের প্রতিষ্ঠা সম্পর্কে যাই বলা হউক না কেন;</p> <p>(ক) আঞ্চলিক কৃষি গবেষণা ইনস্টিটিউট অতঃপর বিলুপ্ত ইনস্টিটিউট হিসাবে অভিহিত হইয়াছে, তাহার বিলুপ্তি ঘটিবে;</p> <p>(খ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল সম্পত্তি, অধিকার, ক্ষমতা, কর্তৃপক্ষ ও বিশেষ সুযোগ সুবিধাসমূহ সকল সম্পত্তি স্থাবর ও অস্থাবর, নগদ ও ব্যাংক স্থিতি, তহবিল, বিনিয়োগ ও অন্যান্য সকল অধিকার এবং স্বার্থ এইজাতীয় সম্পত্তি হইতে যাহা উদ্ভূত বা এইজাতীয় সম্পত্তিতে আছে তাহা ইনস্টিটিউটে হস্তান্তরিত এবং অর্পিত হইবে;</p> <p>(গ) বিলুপ্ত ইনস্টিটিউটে সকল দেনা, দায় ও দায়িত্বসমূহ ইনস্টিটিউটের দেনা, দায় এবং দায়িত্ব হইবে।</p> <p>(ঘ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল কর্মকর্তা, পরামর্শক, উপদেষ্টা এবং অন্যান্য কর্মচারী ইনস্টিটিউটের কর্মকর্তা, পরামর্শক, উপদেষ্টা ও কর্মচারী হইবেন এবং এইজাতীয় প্রতিষ্ঠার অব্যবহিত আগে তাহারা যেইসব শর্ত ও নিয়মাবলী উপভোগ করিতেন সেইরূপ শর্ত ও নিয়মাবলী অনুযায়ী ইনস্টিটিউটে তাহাদের পদ বা সেবা প্রদান করিবেন এবং তাহারা এইরকম করিতে থাকিবেন যতক্ষণ না পর্যন্ত তাহাদের পারিভৌমিক বা শর্ত ও নিয়মাবলী যথাযথভাবে ইনস্টিটিউট কর্তৃক পরিবর্তিত হয়;</p> <p>(ঙ) এই ধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠার আগে বিলুপ্ত ইনস্টিটিউট কর্তৃক বা তাহার বিপরীতে দায়েরকৃত সকল মামলা ও অন্যান্য আইনগত কার্যক্রম ইনস্টিটিউট কর্তৃক বা তাহার বিরুদ্ধে মামলা ও কার্যক্রম হিসাবে গণ্য করা হইবে এবং তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করা হইবে বা অন্যভাবে কাজ করা হইবে।</p>	<p>১৯ ও ২০ ধারাকে একিভূত করে ১৮ ধারায় উপস্থাপন করা হইয়াছে।</p>
<p>20. রহিতকরণ ও হেফাজত।- (১) The Bangladesh Institute of Nuclear Agriculture (amendment) Act, 1996 (Act No 4, 1996) এতদ্বারা রহিত করা হল।</p>	<p>২০। রহিতকরণ ও হেফাজত।- (১) The Bangladesh Institute of Nuclear Agriculture (Amendment) Act, 1996 (Act No.-4, 1996) এতদ্বারা রহিত করা হইল।</p>	<p>১৮। রহিতকরণ ও হেফাজত।- (১) The Bangladesh Institute of Nuclear Agriculture (Amendment) Act, 1996 (Act No.-4, 1996) এতদ্বারা রহিত করা হইল।</p>


 ০৯/০৮/১৬
 ড. মোঃ সাজ্জাদ হোসেন
 পরিচালক (প্রশাসন ও সাংসার)
 বাংলাদেশ পরমাণু শক্তি গবেষণা ইনস্টিটিউট
 কক্সবাজার, ময়মনসিংহ-১৬০

(২) উক্তরূপ বাতিল সত্ত্বেও রহিত আইনের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ বাতিল সত্ত্বেও রহিত আইনের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) উক্তরূপ বাতিল সত্ত্বেও রহিত আইনের অধীন কৃত কাজকর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীনকৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

১৮(৩) উপ ধারাটি প্রয়োজন আছে কি না????

Mymensingh
The 2013

সচিব
কৃষি মন্ত্রণালয়

ময়মনসিংহ
....., ২০১৫

সচিব
কৃষি মন্ত্রণালয়

(রহিতকরণ ও হেফাজত section টি Ordinance-এ ছিল না, নতুন সংযোজন করা হইয়াছে)

৩। অন্য কোন আইনে যাহা অপাতত বলবৎ আছে বা অন্য কোন চুক্তি বা দাবিলে ইনস্টিটিউটের প্রতিষ্ঠা সম্পর্কে যাই বলা হউক না কেন:

(ক) আর্থিক কৃষি গবেষণা ইনস্টিটিউট অতঃপর বিলুপ্ত ইনস্টিটিউট হিসাবে গণ্য হইবে;

(খ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল সম্পত্তি, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও বিশেষ সুযোগ সুবিধাসমূহ সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংক স্থিতি, সংরক্ষিত তহবিল, বিনিয়োগ ও অন্যান্য সকল অধিকার এবং স্বার্থ, এইজাতীয় সম্পত্তি হইতে যাহা উদ্ধৃত বা এইজাতীয় সম্পত্তিতে আছে তাহা, সকল হিসাববাহি, রেজিস্ট্রার, রেকর্ড এবং তৎসম্পর্কিত যে কোন প্রকারের দলিল ইনস্টিটিউটে হস্তান্তরিত এবং অর্পিত হইবে;

(গ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল দেনা, দায় ও দায়িত্বসমূহ ইনস্টিটিউটের দেনা, দায় এবং দায়িত্ব হইবে।


(ঘ) বিলুপ্ত ইনস্টিটিউটের সকল কর্মকর্তা, পরামর্শক, উপদেষ্টা এবং অন্যান্য কর্মচারী ইনস্টিটিউটের কর্মকর্তা, পরামর্শক, উপদেষ্টা ও কর্মচারী হইবেন এবং এই ধরনের প্রতিষ্ঠার অব্যবহিত আগে তাহারা যেইসব শর্ত ও নিয়মাবলী উপভোগ করিতেন সেইসব শর্ত ও নিয়মাবলী অনুযায়ী ইনস্টিটিউটে তাহাদের পদ বা সেবা প্রদান করিবেন এবং তাহারা এইরকম করিতে থাকিবেন যতক্ষণ না পর্যন্ত তাহাদের পারিতোষিক বা শর্ত ও নিয়মাবলী যথাযথভাবে ইনস্টিটিউট কর্তৃক পরিবর্তিত হয়;

(ঙ) এই ধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠার আগে বিলুপ্ত ইনস্টিটিউট কর্তৃক বা তাহার বিপরীতে দায়েরকৃত সকল মামলা ও অন্যান্য আইনগত কার্যক্রম ইনস্টিটিউট কর্তৃক বা তাহার বিরুদ্ধে মামলা ও কার্যক্রম হিসাবে গণ্য করা হইবে এবং তদানুযায়ী কার্যক্রম গ্রহণ করা হইবে বা অন্যভাবে কাজ করা হইবে।

ময়মনসিংহ
....., ২০১৫

সচিব
কৃষি মন্ত্রণালয়

১৮(৩)(খ) উপ ধারায় কর্তৃত্ব, সংরক্ষিত এবং সকল হিসাববাহি, রেজিস্ট্রার, রেকর্ড এবং তৎসম্পর্কিত যে কোন প্রকারের দলিল শব্দগুলি আলাদাভাবে সংযোজিত হইয়াছে।


ড. মোঃ আজহার আলী সেক্রেটারী
পরিচালক (প্রশা. ও সা.)
সংসদে পরিচালিত সার্বিক গবেষণা ইনস্টিটিউট
কৃষি মন্ত্রণালয়, ময়মনসিংহ-২০১৫।